২৩/৯/২০০৮

তারিখ ...
পৃষ্ঠা ৪ কলাম ১

দৈনিক জনকণ্ঠ

# ভারতীয় বিশ্ববিদ্যালয়ে সেমিনারে যোগদান ।। বাংলাদেশসহ পাঁচ দেশের ওপর বিধিনিষেধ

অমিত বসু, *কলকাতা থেকে*

এবার থেকে অবাধে ভারতীয় কোন বিশ্ববিদ্যালয়ের সেমিনারে বাংলাদেশের প্রতিনিধিরা যোগদান করতে পারবেন না। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এ বিষয়ে কিছু বিধিনিষেধ আরোপ করেছে। মঙ্গলবার সরকারী সূত্রে জানা গেছে, বাংলাদেশের বিরুদ্ধে এ ব্যাপারে নিষেধাজ্ঞা জারি করা হয়নি। কিন্তু কিছু বিধি প্রয়োগ করা হবে। তবে সেই শর্ত বা বিধি কি হবে জানানো হয়নি। সরকার হঠাৎ কেন এমন সিদ্ধান্ত নিল তাও অজ্ঞাত। তবে এই নীতি-নিয়মের জালে শুধু বাংলাদেশ নয়, আটকাবে আরও চারটি দেশ। পাকিস্তান, আফগানিস্তান, চীন ও শ্রীলঙ্কার ক্ষেত্রেও এই নতুন নীতি প্রযোজ্য হবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ১৯৮৬ সালের ২৬ মে এবং ৪ নবেম্বর আন্তর্জাতিক সেমিনারের ব্যাপারে যে নিয়ম নির্দিষ্ট করা হয়েছিল তার পরিবর্তন ঘটিয়ে বর্তমান নির্দেশিকা চালু করা হবে। এর প্রধান উদ্দেশ্য, রাজনৈতিক, সাম্প্রদায়িক, মানবাধিকার সংক্রান্ত বা অন্যান্য স্পর্শকাতর বিষয়ে আলোচনা যাতে উত্তেজনা ছড়াতে না পারে। কারণ, বাস্তবে দেখা যাচ্ছে, অনেক ক্ষেত্রেই এসব বিষয়ে ব্যক্তিগত মতবাদ প্রচারের জন্য বিশ্ববিদ্যালয়ের মঞ্চকে ব্যবহার করা হচ্ছে। যার প্রতিক্রিয়া মারাত্মক হতে পারে। তাই পররাষ্ট্র মন্ত্রণালয় এবং মানব সম্পদ উন্নয়ন মন্ত্রণালয় সেমিনারের খুঁটিনাটি বিচার করে দেখে তবে সবুজ সঙ্কেত দেবে। কিন্তু বেছে বেছে শুধু পাঁচটি দেশের ক্ষেত্রেই এই নিয়ম চালু হচ্ছে কেন– উপাচার্যরা সেই প্রশ্ন তুলেছেন। তাঁদের বক্তব্য, এই নির্দেশ গ্রহণযোগ্য নয়। কারণ, কোন বিশেষ নীতি প্রয়োগ করতে হলে সার্বিকভাবে করাটাই বাঞ্ছনীয়। বিশেষ কয়েকটি দেশের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি অমূলক। কলকাতা বিশ্ববিদ্যালয় এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের দুই উপাচার্য জানিয়েছেন, তাঁদের সর্বভারতীয় সংগঠনের মাধ্যমে এই সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে তাঁরা তৈরি হচ্ছেন।